



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/সংস্থাপন-২২/৭৪৭

তারিখঃ ২২.১১.২০১৭খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য’ ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য’র” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে ২৫ নভেম্বর ২০১৭ তারিখে “আনন্দ শোভাযাত্রা’র মাধ্যমে উদযাপন উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী নিম্নে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার (ঢাকা মহানগর ব্যতীত) সুপার/অধ্যক্ষ ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

- আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ শনিবার সকাল ১০.০০ ঘটিকার সময় স্ব-স্ব মাদ্রাসার অর্থায়নে শিক্ষক/কর্মচারী ও শিক্ষার্থীদের সমন্বয়ে “আনন্দ শোভাযাত্রা’র আয়োজন করতে হবে। উল্লেখ্য উক্ত শোভাযাত্রাকে শৈল্পিক, নান্দনিক ও দর্শকগ্রাহী করার জন্য প্রয়োজনীয় সংখ্যক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণ প্রদানের ছবি সম্বলিত ব্যানার, ফেস্টুন, প্লাকার্ড, বাদ্যযন্ত্র, ডিসপ্লেসহ বর্ণাঢ্য আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- মাদ্রাসার প্রধানগণকে প্রয়োজ্য ক্ষেত্রে জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সাথে সমন্বয় করে সাংস্কৃতিক অনুষ্ঠান, ৭ই মার্চের ভাষণের উপর রচনা, কুইজ, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা আয়োজন করতে হবে এবং অংশগ্রহণকারী বিজয়ীদের পুরস্কারের ব্যয় স্ব স্ব মাদ্রাসা কর্তৃক বহন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

২২-১১-১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, পরিচালনা কমিটি; এবং

২) অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

নং-বামাশিবো/সংস্থাপন-২২/৭৪৭(১১)

তারিখঃ ২২.১১.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সকল।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জনাব সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৭. জেলা শিক্ষা অফিসার, সকল।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
৯. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১০. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. অফিস কপি।

২২/১১/১৭

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪